

সংগঠিত সংবাদ পত্রিক

THE DAILY JUGANTOR

# যুগান্তর

## ব্র্যাক অন্বেষা'র আজ মহাকাশ যাত্রা

প্রকাশ : ০৪ জুন, ২০১৭ ০০:০০:০০

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের তৈরি দেশের প্রথম ক্ষুদ্র স্যাটেলাইট 'ব্র্যাক অন্বেষা' মহাকাশে পাঠানো সম্ভব হয়নি। আবহাওয়া খারাপ থাকায় নাসার সংশ্লিষ্টরা স্যাটেলাইটটি মহাকাশে পাঠানো পিছিয়ে দেয়। শুক্রবার বাংলাদেশ সময় ভোর ৩টা ৫৫ মিনিটে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় নাসার কেনেডি স্পেস সেন্টার থেকে এটি মহাকাশে পাঠানোর কথা ছিল। ১০ সেন্টিমিটারের এই ক্ষুদ্র স্যাটেলাইট স্পেস এক্স ফ্যালকন-৯ রকেটের মাধ্যমে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে উৎক্ষেপণ করার জন্য সবকিছু প্রস্তুত করা হয়। কিন্তু স্পেস স্টেশনটির আশপাশে ব্যাপকভাবে বজ্রপাত হতে থাকলে বিজ্ঞানীরা এটি পাঠানো থেকে বিরত থাকেন। ক্ষুদ্র এই স্যাটেলাইটটি আজ ৪ জুন বাংলাদেশ সময় ভোর ৩টা ৭ মিনিটে মহাকাশে পাঠানো হবে বলে ব্র্যাক অন্বেষা কর্তৃপক্ষকে পরে নিশ্চিত করেছেন নাসার বিজ্ঞানীরা। ব্র্যাক অন্বেষার গ্রাউন্ড স্টেশন হেড মো. সৌরভ বলেন, তারা গ্রাউন্ড স্টেশনে অপেক্ষা করছিলেন। কিন্তু নির্দিষ্ট সময়ের ২০ মিনিট পর তাদের নিশ্চিত করা হয় শুক্রবার সেটি মহাকাশে পাঠানো সম্ভব হচ্ছে না। মূলত খারাপ আবহাওয়ার কারণে সেটি পাঠানো যায়নি। মহাকাশে পাঠানো হলে স্যাটেলাইটটি পৃথিবী থেকে ৪০০ কিলোমিটার দূরে অবস্থান করবে। আর ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের চার নম্বর ভবনের ছাদে স্থাপিত গ্রাউন্ড স্টেশনটির সঙ্গে যোগাযোগ করবে। গ্রাউন্ড স্টেশনটি স্থাপনের মধ্য দিয়ে পরিপূর্ণভাবে কাজ করতে দলটি প্রস্তুত রয়েছে। 'ব্র্যাক অন্বেষা' উৎক্ষেপণের মধ্য দিয়ে বাংলাদেশ থেকে প্রথম কোনো স্যাটেলাইট মহাকাশে পাঠানো সম্ভব হবে। আর এই ক্ষুদ্র স্যাটেলাইট কক্ষপথে স্থাপনের মধ্য দিয়ে মহাকাশের সঙ্গে সরাসরি বিভিন্ন যোগাযোগ করা শুরু হবে। এক কেজি ওজনের এই স্যাটেলাইটটি আকারে ১০ সেন্টিমিটার। আর এটি মহাকাশে পাঠালে পৃথিবী থেকে ৪০০ কিলোমিটার উঁচুতে স্থাপন করা হবে। এটি ৯০ মিনিটে একবার করে পৃথিবী প্রদক্ষিণ করতে সক্ষম। সেই হিসাবে দিনে চার থেকে ছয়বার বাংলাদেশের ওপর দিয়ে যাবে। স্যাটেলাইটটির মূল কাজ হবে গবেষণায়। দুর্ঘোণের পূর্বাভাস ও উচ্চমানের ছবি পাঠাতে সক্ষম হবে ব্র্যাক অন্বেষা। বিশ্ববিদ্যালয়ে তিনজন শিক্ষার্থী আবদুল্লাহ হিল কাফি, রায়হানা শামস ইসলাম অন্তরা এবং মাইসুন ইবনে মনোয়ার জাপানের কিউশু ইন্সটিটিউট অব টেকনোলজিতে ন্যানো স্যাটেলাইটটি তৈরি করেছেন। টেকশহর থেকে। -আইটি ডেস্ক

**ভারপ্রাপ্ত সম্পাদক :** সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত। পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০ E-mail: jugantor.mail@gmail.com

Print